

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সরকারি কর্মচারী ব্যবস্থাপনা পদ্ধতি
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০

স্মারক নম্বর: ০৫.০০.০০০০.২৪৮.০৭.০০৮.২৪-১৭০

তারিখ: ৩১ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
১৪ মে ২০২৪ খ্রিস্টাব্দ

দরপত্র (কোটেশন) বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয় এর আওতায় বাস্তবায়নাধীন ‘সরকারি কর্মচারী ব্যবস্থাপনা পদ্ধতি (Government Employee Management System-GEMS) বিশেষ কার্যক্রম বাস্তবায়নের নিমিত্ত নিয়ন্ত্রণিত মালামাল (অডিও-ভিডিও টিউটরিয়াল) ক্রয়ের জন্য প্রকৃত সরবরাহকারী/ব্যবসায়ী প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নোক্ত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

মালামালের (অডিও-ভিডিও টিউটরিয়াল) তালিকা


ক্রম	মালামালের (অডিও-ভিডিও টিউটরিয়াল) বিবরণ	পরিমাণ	সংযুক্তি
০১	১ থেকে ২ মিনিটের অডিও-ভিডিও টিউটরিয়াল	৩০ (ত্রিশ)টি	অডিও-ভিডিও টিউটরিয়াল স্পেসিফিকেশন-০১ পাতা

শর্তাবলী:

- ১। কর্মসূচী পরিচালক, সরকারি কর্মচারী ব্যবস্থাপনা পদ্ধতি, জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা ১০০০ এর অনুকূলে সরকারি তহবিল ব্যবাহ করা হইয়াছে এবং তিনি জারীকৃত কোটেশন দলিল অনুসারে সম্পাদিত চুক্তির অধীন প্রাপ্ত অর্থ পরিশোধের জন্য উক্ত তহবিলের একটি অংশ ব্যয় করিতে ইচ্ছুক।
- ২। ইচ্ছুক দরপত্রদাতাগণ সকল কার্যদিবসে অফিস চলাকালে ক্রয়কারীর অফিসে অভীষ্ট কার্য ও ভৌতসেবার (অডিও-ভিডিও টিউটরিয়াল) বিস্তারিত বিনির্দেশ, ডিজাইন ও নকশা পরিদর্শন করিতে পারিবে।
- ৩। ‘কোটেশন দলিল’ ব্যবহার করিয়া কোটেশন প্রস্তুত ও দাখিল করিতে হইবে।
- ৪। কোটেশন যথাযথভাবে প্রস্তুতপূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা যথাযথভাবে তারিখসহ স্বাক্ষর করাইয়া নিয়ের ৬ অনুচ্ছেদে উল্লিখিত তারিখ ও সময়ে কোটেশন আহ্বানকারীর দপ্তরে দাখিল করিতে হইবে।
- ৫। কোটেশন দাখিল এবং পণ্য সরবরাহে কোনো জামানত যেমন, কোটেশন জামানত এবং কার্য-সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হইবে না।
- ৬। সিলমোহরকৃত খাম, ফ্যাক্স বা ইলেক্ট্রনিক মেইলের মাধ্যমে ২৩/০৫/২০২৪খ্রি: দুপুর ১.০০ ঘটিকায় বা উহার পূর্বে নিয় স্বাক্ষরকারীর দপ্তরে কোটেশন দাখিল করিতে হইবে। কোটেশন সংবলিত খামে “অডিও-ভিডিও টিউটরিয়াল এর জন্য কোটেশন এবং ২৩/০৫/২০২৪খ্রি: দুপুর ১.০০ ঘটিকা এর পূর্বে খোলা যাইবে না” লিখিয়া অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করিতে হইবে। উল্লিখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হইবে না।
- ৭। ফ্যাক্স বা ইলেক্ট্রনিক মেইলের মাধ্যমে প্রাপ্ত কোটেশন ক্রয়কারী কর্তৃক খামবন্ধ ও সিলমোহরাঙ্কিত করিয়া উপরে উল্লিখিত অনুচ্ছেদ ৬ এ বর্ণিতভাবে চিহ্নিত করিতে হইবে এবং এইভাবে প্রাপ্ত সকল কোটেশন উন্মুক্ত না করিয়া দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে কোটেশন মূল্যায়নের জন্য মূল্যায়ন কমিটির নিকট প্রেরণ করিতে হইবে।
- ৮। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৭১ (৮) এর উদ্দেশ্য পূরণকল্পে ক্রয়কারী কোটেশন আহ্বানের তারিখ হইতে দাখিলের জন্য নির্ধারিত সময়সীমা যথাযথভাবে কারণ লিপিবদ্ধ করিয়া ঘৃত্ক্ষিসংগতভাবে অনধিক ১০ (দশ) দিন বৃক্ষি করিতে পারিবে।
- ৯। কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হইতে ন্যূনতম ৩০ দিন পর্যন্ত সকল কোটেশন বৈধ থাকিবে।
- ১০। দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে প্রাপ্ত কোটেশন প্রকাশ্যে উন্মুক্ত করা যাইবে না।
- ১১। যদি চুক্তি সম্পাদন করা হয়, তাহা হইলে উহাতে দরপত্রদাতার উক্ত দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সকল ধরনের কর, শুল্ক ও আবগারি, ফি, লেভি এবং আইনের অধীন পরিশোধযোগ্য অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকিবে।
- ১২। দর টাকায় উক্ত করিতে হইবে এবং এই চুক্তির অধীন পরবর্তীতে মূল্য পরিশোধও টাকায় করা যাইবে। দরপত্রদাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয়, চুক্তিকালীন স্থিত অঙ্গে থাকিবে।

৪৬

- ১৩। দরপত্রদাতার চুক্তি করিবার আইনগত সক্ষমতা থাকিতে হইবে। দরপত্রদাতার যোগ্যতার প্রমাণস্বরূপ বৈধ ট্রেড লাইসেন্স, টিআইএন নম্বর ও ভ্যাট নির্বাক নম্বরের সত্যায়িত অনুলিপি এবং কোনো তফসিলি ব্যাংক হইতে আর্থিক স্বচ্ছতার সনদ দাখিল করিতে হইবে। এইগুলি ব্যক্তিত কোটেশন অগ্রহণযোগ্য বলিয়া বিবেচিত হইতে পারে।
- ১৪। মূল্যায়ন কমিটি কোটেশনের সহিত দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ন করিবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিয় মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ৩ (তিনি)টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হইবে।
- ১৫। উকুত একক দর ও মূল্যের মধ্যে অসংগতি থাকিলে একক দর প্রাধান্য পাইবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসংগতির ক্ষেত্রে কথায় উকুত দর প্রাধান্য পাইবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণীত গাণিতিক সংশোধন গ্রহণে দরপত্রদাতা বাধ্য থাকিবে।
- ১৬। ক্রয় আদেশ জারির তারিখ হইতে ০৭ দিনের মধ্যে পণ্য ও সংশ্লিষ্ট সেবা (অডিও-ভিডিও টিউটরিয়াল) সরবরাহ সম্পর্ক করিতে হইবে।
- ১৭। ক্রয়াদেশ, যাহা সরবরাহকারী ও ক্রয়কারীকে অবশ্যপালনীয় চুক্তিতে আবদ্ধ করে, অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদন প্রাপ্তির ০৭ দিনের মধ্যে জারি করিতে হইবে।
- ১৮। প্রচলিত হারে আয়কর, ভ্যাট ইত্যাদি কর্তন পূর্বক চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার এর কার্যালয়, জনপ্রশাসন মন্ত্রণালয় এর অনুকূলে বিলের মাধ্যমে দাখিলকৃত বিল পরিশোধ করা হবে। এক্ষেত্রে মালামাল (অডিও-ভিডিও টিউটরিয়াল) সরবরাহ করে ৩ কপি চালান ও বিল (মূলকপি) দাখিল করতে হবে।
- ১৯। ক্রয়কারী সকল কোটেশন বা ক্রয়কার্যক্রম বাতিলের অধিকার সংরক্ষণ করিবে।



 (মোঃ মোস্তাফাজুল ইসলাম)
 কর্মসূচি পরিচালক
 সরকারি কর্মচারী ব্যবস্থাপনা পক্ষতি
 ও
 যুগ্মসচিব (পিএসিসি)
 জনপ্রশাসন মন্ত্রণালয়
 ফোন নং: ০২-৫৫১০০৫১২
 E-mail: gems@mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫,০০,০০০০,২৪৮,০৭,০০৮,২৪-১৭০

তারিখ: ৩১ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
১৪ মে ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি:

- ১) অতিরিক্ত সচিব (সিপিটি), জনপ্রশাসন মন্ত্রণালয় (সদয় অবগতির জন্য)।
- ২) সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩) জনাব..... সদস্য, স্বল্প মূল্যের ক্রয়ের জন্য দরপত্র বা প্রস্তাৱ মূল্যায়ণ কমিটি, সরকারি কর্মচারী ব্যবস্থাপনা পক্ষতি, জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।
- ৪) চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার এর কার্যালয়, (২য় ১২ তলা সরকারি ভবন), সেগুনবাগিচা, জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।
- ৫) প্রতিষ্ঠানের নাম
- ৬) বাংলাদেশ সচিবালয়ের সকল গেইট/জনপ্রশাসন মন্ত্রণালয়ের নোটিশ বোর্ড/কর্মসূচির নোটিশ বোর্ড/ওয়েবসাইট।
- ৭) অফিস কপি।


 কর্মসূচি পরিচালক
 সরকারি কর্মচারী ব্যবস্থাপনা পক্ষতি
 ও
 যুগ্মসচিব (পিএসিসি)
 জনপ্রশাসন মন্ত্রণালয়।

প্রোগ্রামের নাম: সরকারি কর্মচারী ব্যবস্থাপনা পদ্ধতি (Government Employee Management System - GEMS)

অডিও-ভিডিও টিউটরিয়াল এর স্পেসিফিকেশন

ক্রঃ নং	বর্ণনা	অডিও-ভিডিও টিউটরিয়াল এর পরিমাণ
১	১। ১ থেকে ২ মিনিটের অডিও-ভিডিও টিউটরিয়াল হবে; ২। কিন শটসহ ইউজারের ব্যবহার উপযোগী ভিডিও থাকতে হবে; ৩। ভাল ভয়েসকারীর কাছে পুরুষ এবং মহিলা ভয়েস থাকতে হবে; ৪। প্রয়োজনীয় প্রাক্ষিক ডিজাইন থাকতে হবে; ৫। ইউজার ম্যানুয়ালে উল্লিখিত মতে ভয়েস থাকতে হবে।	৩০ (ত্রিশ) টি

১২/১২
০২/০৪/২০২৪

মুহাম্মদ আব্দুল হামিদ
সিনিয়র টেক্নিশান প্রোগ্রাম
প্রিমিয়াম, চন্দ্রপাশা এন্ড কোম্পানি
গুরুপ্রজ্ঞাতন্ত্র বাহ্যিক সরকার

১২/১২
০২/০৪/২৪

মোহাম্মদ আলোয়ার হোসেন
টেক্সটিব
ড্রপ কর্মসূচি পরিচালক
সরকারি কর্মচারী ব্যবস্থাপনা পদ্ধতি
জনপ্রিয়াসন্ধি অর্জনালয়

